নিউ ইয়র্ক স্টেট: আইডিসি বিবরণী

আইডিসি কি?

- ব্রঙ্কস্ থেকে নির্বাচিত সিনেটর জেফ ক্লেইন-এর নেতৃত্বে পরিচালিত ইন্ডিপেন্ডেন্ট ডেমোক্রেটিক কনফারেন্স- কয়েকজন নিউ ইয়র্ক স্টেট সিনেটদের একটি গোষ্ঠী যারা ডেমোক্রেট পার্টি থেকে নির্বাচিত হয়েছিল, কিন্তু এখন রিপাবলিকানদের সাথে জোট হয়ে কাজ করছে।
  - আইডিসি'র সদস্যরা হচ্ছেন: ম্যারিসল আলসান্ট্রা (ম্যানহাটন), টনি আভেলা (কুইন্স), ড্যাভিড কারলুচ্চি (রকল্যান্ড), জেসি হ্যামিল্টন (ব্রুকলিন), জেফ ক্লেইন (ব্রঙ্কস্), হোসে পেরাল্টা (কুইন্স), ডায়ান সাভিনো (স্ট্যাটেন আইল্যান্ড), ড্যাভিড ভ্যালেস্কি (অননদাগা)

- ২০১২ সালে ডেমোক্রেটিক পার্টি নিউ ইয়র্ক স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ট আসনে জয়লাভ করে, কিন্তু ডেমোক্রেটিক থেকে নির্বাচিত হয়ে উল্লেখিত সিনেটররা মূল ডেমোক্রেটিক কনফারেন্স থেকে সরে গিয়ে পরবর্তী সময়ে আইডিসি গঠনের কারণে রিপাবলিকানরা সিনেটের নিয়ন্ত্রণ নিয়ে নেয়।
  - হাফিংটন পোস্ট: ইন্ডিপেন্ডেন্ট ডেমোক্রেটদের জোটের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট সিনেট রিপাবলিকানদের দখলে চলে গেছে
    - http://www.huffingtonpost.com/2012/12/04/new-york-state-senate-coalition_n_2238324.html

- ২০১৬ সালের বিশেষ নির্বাচনে জয়লাভের পর ডেমোক্রেটরা সিনেটে সংখাগরিষ্টতা অর্জন করে এবং ২০১৬ এর নিয়মিত নির্বাচনেও সেটি বজায় থাকে, কিন্তু প্রতারক ডেমোক্রেটদের মাধ্যমে রিপাবলিকানরা তারা তাদের ক্ষমতা ধরে রাখে
  - বাফেলো নিউজ : নিউ ইয়র্ক স্টেট সিনেটে দলত্যাগী ডেমোক্রেটরা জিওপি'র সাথে থেকে যাওয়ার সিদ্ধান্ত নিলো
    - https://buffalonews.com/2017/01/02/breakaway-democrats-decide-stick-gop-new-york-state-senate/

"ট্রাম্প-এর দল": আইডিসি'র রিপাবলিকান মিত্ররা কারা?

- সিনেট রিপাবলিকানদের মধ্য থেকে তারাই আইডিসিকে ক্ষমতাবান করেছে যারা ছিল ডোনাল্ড ট্রাম্পের একেবারে প্রথমদিককার, অতি উৎসাহী সমর্থক এবং সবচাইতে কাছের আদর্শগত মিত্র

  - এনওয়াই ডেইলি নিউজ: ফ্লানিগান [সিনেট নেতা] ট্রাম্পের শিক্ষা মন্ত্রী পদে প্রস্তাবিত ব্যক্তির পক্ষ সমর্থন করে জিওপি'র চিঠিতে সাক্ষর দিয়েছে
    - http://www.nydailynews.com/news/politics/flanagan-signs-letter-supporting-trump-education-secretary-pick-article-1.2959251

- সিনেট রিপাবলিকান কনফারেন্স হচ্ছে একটি ১০০% এন্টি চয়েজ (নারীর গর্ভধারণের স্বাধীনতা বিল) এবং এলজিবিটি বিরোধী, এনওয়াই ড্রিম এ্যাক্ট (আন ডকুমেন্টেড ছাত্র-ছাত্রীদের শিক্ষা সুযোগ প্রদানের বিল), অপরাধী বিচার ব্যবস্থা সংশোধন এবং ক্যাম্পেইন ফাইনান্স সংশোধন প্রস্তাবের সম্পূর্ণ বিরোধী। তারা সব সময় অভিবাসীদের বিরুদ্ধে আনীত বিভিন্ন বিলের পক্ষে অবস্থান নেয়, যা হয়তো স্টিভ ব্যাননের দ্বারা লিখিত:
  - এনওয়াই পোস্ট : মিউনিসিপ্যাল আইডি ধ্বংস করা আটকাতে সিনেটে বিল প্রস্তাব করা হয়েছে
    - http://nypost.com/2017/01/29/senate-proposes-bill-to-prevent-destruction-of-municipal-id-records/
  - এনওয়াই ডেইলি নিউজ: : বিদেশে জন্ম নেয়া ছাত্র-ছাত্রীদের তথ্য সংগ্রহ করতে বাধ্যতামূলক করতে নিউ ইয়র্ক স্টেট সিনেটে বিল
  - http://www.nydailynews.com/news/politics/n-y-senate-bill-collect-data- foreign-born-college-students-article-1.2959107

রিপাবলিকানদের সাথে জোট গঠন করে আইডিসি'র কি লাভ?

- সত্যিকারের কোন প্রভাব নয়- দূর্নীতিবাজ সিনেট রিপাবলিকান নেতা ডিন স্ক্যালোস, ক্লেইন এবং আইডিসি'র (বর্তমান রিপাবলিকান নেতা ফ্ল্যানিগান-এর সাথেও একই চুক্তি রয়েছে) সম্পর্কের উদ্দেশ্য সম্পর্কে গোপনে রেকর্ড করা একটি ফোনালাপে বিস্তারিত জানিয়েছে, যা নিচে উল্লেখ করা হলো:
  - ইউএসএ টুডে: 'এটা হবে গিয়ে সমবায় জোটের নেতা, যার আসলে কোন মানে নেই' ডিন স্ক্যালোস বললো। "আমি হবো গিয়ে সিনেট প্রেসিডেন্ট, সংখ্যাগরিষ্টদের নেতা, আমি সবকিছু নিয়ন্ত্রণ করবো। কে কোন কমিটির নেতৃত্বে থাকবে, কোন আইন প্রস্তাব ফ্লোরে উঠবে, বাজেট--সবকিছু আমি নিয়ন্ত্রণ করবো"
    - http://www.usatoday.com/story/news/politics/blogs/vote-up/2015/11/19/i-am-going-to-control-everything-wiretap-reveals-skelos-strategy-on-klein-idc/76048310/

- এর বিনিময়ে আইডিসি সদস্যরা ব্যক্তিগত প্রণোদনা ও উপহার পেয়ে থাকে, যখন কিনা রাজ্যব্যাপী প্রগতিশীল আইন প্রস্তাবগুলো দীর্ঘায়িত হতে থাকে।
    - এনপিআর: "ক্লেইন এবং ইন্ডিপেন্ডেন্ট ডেমোক্রেটরা অন্যান্য ডেমোক্রেট সিনেটরদের চেয়ে অনেক বেশি, সরকারি সুযোগ-সুবিধার একটি বিশাল অংশ পাবে, যার মধ্যে রয়েছে, অফিসের জন্য জায়গা, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-বাজেট এবং কম্পিউটার সরঞ্জামাদি।
      - http://wrvo.org/post/state-senate-starts-2015-gop-fully-charge
    - এনওয়াই পোষ্ট: স্টেট সিনেটর বেতন বাড়ানোর জন্য দল পরিবর্তন করলো
      - http://nypost.com/2017/01/29/state-senator-switched-parties-because-he-needed-a-pay-raise/

আইডিসি “বিকল্প তথ্য” বনাম বাস্তবতা

- বিকল্প তথ্য: আইডিসি ’ন্যুনতম মজুরি ১৫ ডলার আন্দোলন’-এর নেতৃত্ব প্রদান করেছে
- বাস্তবতা: ২০১৩ সালে রিপাবলিকান ও আইডিসি কোয়ালিশন ক্রমান্বয়ে ন্যুনতম মজুরি বৃদ্ধির জন্য ভোট প্রদান করে,

$৭.২৫/ঘন্টা থেকে $৯.00/ঘন্টা, যা কিনা বিশেষজ্ঞ ও প্রথমসারির ডেমোক্রেটরা এতে কোন উপকার হবে না বলে সমালোচনা করেন। ২০১৫ সালে আইডিসি যখন আইন প্রণয়ন বিষয় নির্ধারণে কোন মতামত রাখার সুযোগ হারালো, তখন গভর্ণর কুমো নুন্যতম মজুরি $১৫.00/ঘন্টাতে উন্নীত করতে উদ্যোগী হলে ডেমোক্রেটিক পার্টির মূল কনফারেন্সের সদস্যদের ভোটের প্রয়োজন হয় এবং তাদের ভোটেই সেটি পাশ হয়।

- বিকল্প বাস্তবতা: আইডিসি রিপাবলিকানদের উপর প্রগতিশীল আইন পাশ করার জন্য চাপ প্রয়োগ করতে পারবে
- প্রকৃত বাস্তবতা: রিপাবলিকান সিনেট সদস্যরা নিম্নোক্ত আইন প্রস্তাবগুলো আটকে দিয়েছে, পাশ হতে দেয়নি:
  - আনডকুমেন্টেড অভিবাসীদের সন্তানেরা শিক্ষাগ্রহণে সহায়ক ড্রিম এ্যাক্ট
  - নিউ ইয়র্ক আইনে রো বনাম ওয়েড মামলায় বিধিবদ্ধ করার জন্য ওমেন্স ইকুয়ালিটি এ্যাক্ট
  - নিউ ইয়র্কের এলজিবিটি কমিউনিটিকে বৈষম্য থেকে রক্ষা করতে GENDA
  - ভোট পদ্ধতির সংশোধন, যার মধ্যে রয়েছে, আগাম ভোট দেয়া ও স্বয়ংক্রিয়ভাবে ভোটার রেজিস্ট্রেশন চালু করা
  - অপরাধী বিচার পদ্ধতির সংশোধন, যার মধ্যে রয়েছে ’বয়স বৃদ্ধি করা’
  - আলবেনীর দূর্নীতি বন্ধ করার জন্য নির্বাচনী তহবিল গঠন পদ্ধতি ও নিয়মকানুন সংশোধন
  - নিউ ইয়র্ক হেলথ এ্যাক্ট: স্টিট নিউ ইয়র্ক-এর জন্য একক প্রদায়ক পদ্ধতি

দুঃখজনক সত্য

- ভিলেজ ভয়েজ: আলবেনী ভঙ্গুর অবস্থায়ই থেকে যাচ্ছে এবং ইন্ডিপেন্ডেন্ট ডেমোক্রেটিক কনেফারেন্সই হচ্ছে এর সবচাইতে বড় কারণ
  - http://www.villagevoice.com/news/albany-will-stay-broken-and-the-growing-independent-democratic-conference-is-a-big-reason-why-9612732